# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২

## ১.০ নামকরণ ও অবতরণিকা

উচ্চ শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের উদ্দেশ্যে দেশের সরকারি ও বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষা কার্যক্রমকে অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল প্রতিষ্ঠিত হইয়াছে। অ্যাক্রেডিটেশন কার্যক্রমের উন্নয়ন ও বিস্তার কাউন্সিলের অন্যতম আইনগত দায়িত্ব। উচ্চ শিক্ষার কারিকুলাম, পাঠদান ও শিক্ষাকার্যক্রম পরিচালনা পদ্ধতির বর্তমান অবস্থা নিরূপণ এবং এর গুণগতমান উন্নয়নে করণীয় নির্ধারণের ক্ষেত্রে গবেষণার গুরুত্ব অপরিসীম। নিয়ত পরিবর্তনশীল চাহিদার পরিপ্রেক্ষিতে উচ্চ শিক্ষাকে গ্রহণযোগ্য করিবার স্বার্থে অ্যাক্রেডিটেশন মানদণ্ড ও বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) হালনাগাদ করা অপরিহার্য। কাউন্সিলকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত করিবার ক্ষেত্রে পরিবর্তনশীল প্রেক্ষাপটে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন সংক্রান্ত নতুন জ্ঞান আহরণ বিশেষ ভূমিকা রাখিবে। এই জ্ঞান আহরণের জন্য নিয়মিতভাবে গবেষণা পরিচালনা করা অপরিহার্য। গবেষণা কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পাদন ও ফলপ্রসূ করিবার জন্য একটি গবেষণা ব্যবস্থাপনা কাঠামো তৈরির গুরুত্ব উপলব্ধি করিয়া এই নীতিমালা প্রণয়ন করা হইয়াছে।

১.১ এই নীতিমালা ‘বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২’ নামে অভিহিত হইবে।

১.২ সংজ্ঞা

এই নীতিমালায় ব্যবহৃত কতিপয় শব্দের ব্যাখ্যা হইবে নিম্নরূপ:

(ক) ‘কাউন্সিল’ অর্থ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল;

(খ) ‘কমিটি’ অর্থ কাউন্সিল কর্তৃক গঠিত গবেষণা ব্যবস্থাপনা কমিটি;

(গ) ‘প্রকল্প’ অর্থ কাউন্সিল কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট গবেষণা কার্যক্রম;

(ঘ) ‘চেয়ারম্যান’ অর্থ কাউন্সিলের চেয়ারম্যান;

(ঙ) ‘রিভিউ বোর্ড’ অর্থ কাউন্সিল অনুমোদিত প্রাতিষ্ঠানিক রিভিউ বোর্ড।

**২.০ গবেষণা নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য**

২.১ লক্ষ্য

দেশের উচ্চ শিক্ষার মান নিশ্চিতকরণের লক্ষ্যে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা।

২.২ উদ্দেশ্য

(ক) জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট বিবেচনায় রাখিয়া অ্যাক্রেডিটেশন মানদণ্ড সময়োপযোগীকরণ;

(খ) পরিবর্তিত চাহিদার নিরিখে জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য রাখিয়া 'বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (লেভেল ৭-১০)' সময়োপযোগীকরণ;

(গ) উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান নিশ্চিতকরণে সমস্যা ও প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করণ এবং এই সকল সমস্যা ও প্রতিবন্ধকতাসমূহ উত্তরণে করণীয় নির্ধারণ ও অধিকতর কার্যকর পদ্ধতি উদ্ভাবন;

(ঘ) উচ্চ শিক্ষার মান নিশ্চিতকরণে গৃহীত কার্যক্রমের ফলপ্রসূতা যাচাইকরণ;

(ঙ) অংশীজনদের চাহিদা বিশ্লেষণ এবং উচ্চ শিক্ষা কার্যক্রমের প্রয়োজনীয়তা নিরূপণ;

(চ) কাউন্সিল কর্তৃক গৃহীত কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন সংক্রান্ত কার্যক্রম মূল্যায়ন এবং সুপারিশ প্রদান;

(ছ) মানসম্মত শিক্ষা প্রদানের জন্য উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান সক্ষমতার সর্বোত্তম ব্যবহারের উপায় ও করণীয় উদ্ভাবন।

**৩.০ গবেষণা ব্যবস্থাপনা কমিটি**

৩.১ কাউন্সিলের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি 'গবেষণা ব্যবস্থাপনা কমিটি' থাকিবে। কমিটির গঠন হইবে নিম্নরূপ:

| | |
|---|---|
| (ক) সদস্য (বহিঃসম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা) | : সভাপতি |
| (খ) সদস্য (কিউএ ও এনকিউএফ) | : সদস্য |
| (গ) সদস্য (অ্যাক্রেডিটেশন) | : সদস্য |
| (ঘ) সদস্য (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) | : সদস্য |
| (ঙ) পরিচালক/উপ পরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা) | : সদস্য সচিব |

৩.২ গবেষণা ব্যবস্থাপনা কমিটির কার্যাবলী-

(ক) গবেষণা প্রস্তাব আহ্বান;

(খ) কাউন্সিলের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে গবেষণা প্রস্তাবনা সঙ্গতিপূর্ণ কি না তাহা যাচাই;

(গ) গবেষণায় নৈতিকতা নিরূপণ;

(ঘ) প্রাপ্ত প্রস্তাবসমূহ গবেষণা নীতিমালা অনুসারে মূল্যায়নের সুপারিশ প্রদান;

(ঙ) নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে গবেষণা প্রকল্পসমূহের অগ্রগতি পরিবীক্ষণ;

(চ) কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে অভিজ্ঞ রিভিউকারীগণের তালিকা প্রস্তুতকরণ;

(ছ) চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ;

(জ) নীতিমালার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনে এক বা একাধিক উপ কমিটি গঠন;

(ঝ) গবেষণা প্রতিবেদন প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(ঞ) নীতিমালায় উল্লেখ নাই গবেষণা ব্যবস্থাপনা সংক্রান্ত এইরূপ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

**৪.০ গবেষণা প্রস্তাব আহ্বান ও অনুমোদন প্রক্রিয়া**

৪.১ কাউন্সিলের সংশ্লিষ্ট শাখা দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান ইত্যাদিতে কর্মরত শিক্ষক বা গবেষকগণের নিকট হইতে নির্ধারিত ছকে গবেষণা প্রস্তাব আহ্বান করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

৪.২ গবেষকগণ এককভাবে অথবা যৌথভাবে গবেষণা প্রস্তাব কর্মরত প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল করিবেন।

৪.৩ অবসরপ্রাপ্ত শিক্ষক বা গবেষকগণ, বিদেশে অবস্থানরত শিক্ষক বা গবেষকগণ, দেশে কর্মরত কোন শিক্ষক বা গবেষকের সহিত যৌথভাবে প্রস্তাব দাখিল করিতে পারিবেন।

৪.৪ গবেষণা প্রস্তাবসমূহ ডাবল-ব্লাইন্ড পিয়ার রিভিউ প্রক্রিয়ায় মূল্যায়ন সম্পন্ন করা হইবে। এই কাজ সঠিকভাবে সম্পন্ন করিবার জন্য সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ গবেষকগণের সমন্বয়ে মূল্যায়নকারীগণের একটি প্যানেল তৈরি করা হইবে।

৪.৫ প্রস্তাবসমূহ হইতে গবেষক বা গবেষকগণের নাম ও পরিচয় নির্দেশক সকল তথ্য অবলোপনপূর্বক মূল্যায়নকারীগণের নিকট মূল্যায়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হইবে।

৪.৬ প্রয়োজন হইলে মূল্যায়নকারীগণের মূল্যায়নের ভিত্তিতে নির্বাচিত প্রকল্পসমূহের গবেষকগণের প্রকল্প উপস্থাপনের জন্য রিভিউ ওয়ার্কশপের আয়োজন করা হইবে। ওয়ার্কশপে মূল্যায়নকারী প্যানেলের সদস্যগণ উপস্থিত থাকিয়া প্রকল্পগুলিকে অধিকতর সমৃদ্ধ করিবার জন্য পরামর্শ দিবেন। গবেষকগণ পরামর্শ অনুসারে (যদি থাকে) সংশোধিত প্রস্তাব দাখিল করিবেন।

৪.৭ গবেষণা ব্যবস্থাপনা কমিটি কোনো নির্দিষ্ট অর্থ বছরের বরাদ্দ বিবেচনা করিয়া গবেষণা প্রকল্পের সংখ্যা নির্ধারণ করিবে এবং কাউন্সিলের নির্বাহী কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করিবে। নির্বাহী কমিটির অনুমোদনের পর গবেষণা প্রকল্পের সংখ্যা কাউন্সিল সভায় অবহিত করা হইবে।

৪.৮ মানসম্মত কোন গবেষণা প্রস্তাব যৌক্তিক কারণে নির্দিষ্ট অর্থ বছরে অর্থায়ন করা সম্ভব না হইলে গবেষকগণের সম্মতিক্রমে পরবর্তী অর্থ বছরে উক্ত গবেষণায় অর্থায়ন করা যাইবে।

**৫.০ কাউন্সিলের গবেষণা ব্যবস্থাপনা**

৫.১ অর্থ-বছরের নির্দিষ্ট সময়ের মধ্যে গবেষণা প্রকল্পসমূহ সম্পন্ন করিবার লক্ষ্যে পরিশিষ্ট-খ তে উল্লিখিত গবেষণাপঞ্জি অনুসরণ করা হইবে।

৫.২ গবেষকগণের নিকট হইতে নির্ধারিত ছকে দ্বিতীয় কিস্তির অর্থ ছাড় করার পূর্বে প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করা হইবে।

৫.৩ সাধারণভাবে প্রকল্পের সময় বৃদ্ধি করা হইবে না। তবে, গবেষকগণের নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণে গবেষণা প্রকল্পের জন্য সময় বৃদ্ধির প্রয়োজন হইলে গবেষক বা গবেষকগণের আবেদনের পরিপ্রেক্ষিতে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সুপারিশ ও নির্বাহী কমিটির অনুমোদনক্রমে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাইবে।

৫.৪ গবেষণার খসড়া প্রতিবেদন উপস্থাপনের জন্য কাউন্সিলের সংশ্লিষ্ট শাখা সেমিনারের আয়োজন করিবে। সেমিনার হইতে প্রাপ্ত সুপারিশ অনুসারে গবেষকগণ প্রতিবেদন সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতঃ চূড়ান্ত

প্রতিবেদনের পাঁচ কপি মানসম্মতভাবে বাঁধাই করিয়া কাউন্সিলে দাখিল করিবেন এবং সফট কপি (Soft Copy) সরবরাহ করিবেন।

৫.৫ চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও উপযুক্ত মূল্যায়নকারীর নিকট প্রেরণ করা হইবে।

৫.৬ turnitin বা এই জাতীয় অন্য কোন সফটওয়্যার (Softwere) ব্যবহার করিয়া গবেষণার মৌলিকত্ব ও বিশুদ্ধতা যাচাই করা যাইবে। এই ক্ষেত্রে সমরূপতার গ্রহণযোগ্য সীমা (Acceptance Level of Similarity Index) হইবে সর্বোচ্চ ২০%।

৫.৭ গবেষণার প্রস্তাব ও চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য আয়োজিত সেমিনারে মূল্যায়নকারী হিসাবে আমন্ত্রিত বিশেষজ্ঞগণ প্রচলিত হারে সম্মানী ও ভাতাদি প্রাপ্য হইবেন।

**৬.০ গবেষণার দল গঠন**

৬.১ গবেষক প্রয়োজন মনে করিলে কমিটি'র অনুমোদনক্রমে প্রকল্পের জন্য একজন সহযোগী গবেষক ও একজন যোগ্য গবেষণা সহকারী নিয়োগ দিতে পারিবেন।

৬.২ প্রকল্প চলাকালে গবেষকের উচ্চ শিক্ষার্থে বিদেশ গমন, পেশার পরিবর্তন, শারীরিক অক্ষমতা বা অন্য কোনো যৌক্তিক কারণে কাউন্সিলের সহিত যোগাযোগ রক্ষা করিতে অপারগ হইলে প্রকল্পের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখিবার স্বার্থে অন্য কোনো শিক্ষক বা গবেষককে কাউন্সিলের নির্বাহী কমিটির অনুমোদনক্রমে কাউন্সিলের সহিত প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগের জন্য গবেষণা ব্যবস্থাপনা কমিটি দায়িত্ব প্রদান করিতে পারিবে।

**৭.০ প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা**

৭.১ প্রতিটি প্রকল্পের জন্য সর্বোচ্চ বরাদ্দ হইবে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা। গবেষক বা গবেষকগণ আর্থিক প্রস্তাবে এই অর্থের খাত ভিত্তিক একটি বাজেট নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক এর পার্ট সি) প্রদান করিবেন।

৭.২ প্রকল্পের মোট বরাদ্দের সর্বোচ্চ ২০% অর্থ গবেষক বা গবেষকগণের সম্মানী বাবদ ব্যয় করা যাইবে।

৭.৩ গবেষককে প্রকল্পের শিরোনামে একটি এসএনডি/এসটিডি হিসাব খুলিতে হইবে। প্রকল্পের অর্থ তিন কিস্তিতে প্রকল্পের উক্ত হিসাবের বিপরীতে ছাড় করা হইবে। প্রথম কিস্তিতে প্রকল্পের মোট বরাদ্দের ৪০% অর্থ ছাড় করা যাইবে।

৭.৪ গবেষণার সন্তোষজনক অগ্রগতি প্রতিবেদন জমাদান এবং প্রথম কিস্তির ছাড়কৃত অর্থের সমন্বয় প্রতিবেদন (প্রযোজ্যক্ষেত্রে আয়কর ও ভ্যাটসহ সকল ভাউচার) দাখিল করিবার পর দ্বিতীয় কিস্তি ৩০% অর্থ ছাড় করা হইবে।

৭.৫ দ্বিতীয় কিস্তির ছাড়কৃত অর্থের সমন্বয় প্রতিবেদন (প্রযোজ্যক্ষেত্রে আয়কর ও ভ্যাটসহ সকল ভাউচার) ও গবেষণার চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়নের পর গৃহীত হইলে তৃতীয় কিস্তি ৩০% অর্থ ছাড় করা হইবে।

৭.৬ কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে গবেষক বা গবেষকগণ সমুদয় বিল ভাউচার সমন্বয় করিবেন।

৭.৭ গবেষণা প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ সরকারের সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হইবে বিধায় এই অর্থ ব্যয়ে অবশ্যই সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

৭.৮ প্রকল্পের অব্যয়িত অর্থ 'account payee' চেকের মাধ্যমে কাউন্সিলে জমা দিতে হইবে।

**৮.০ গবেষণায় নৈতিকতার চর্চা**

৮.১ কাউন্সিল পরিচালিত গবেষণায় নৈতিকতার সর্বোচ্চ চর্চা নিশ্চিত করিবার লক্ষ্যে কাউন্সিলের গবেষণা ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে প্রাতিষ্ঠানিক রিভিউ বোর্ড গঠন করিতে পারিবে।

৮.২ গবেষকগণ নিজ নিজ গবেষণা প্রকল্পের সকল পর্যায়ে নৈতিকতা নিশ্চিত করিবেন মর্মে প্রকল্পের শুরুতে একটি অঙ্গীকার প্রদান করিবেন।

**৯.০ গবেষণা নীতিমালার প্রয়োগ, পরিবর্তন ও অন্যান্য শর্তাবলী**

৯.১ গবেষণা প্রতিবেদন কেবল মূল্যায়নকারীগণের মূল্যায়নের ভিত্তিতে গৃহীত হইবে। মূল্যায়নকারীগণের মূল্যায়নে কোনো প্রতিবেদন গ্রহণ করা সম্ভব না হইলে অথবা যথাসময়ে প্রকল্প সম্পন্ন না হইলে অথবা নীতিমালার শর্ত প্রতিপালনে ব্যর্থ হইলে গবেষকগণের অনুকূলে ছাড়কৃত সমুদয় অর্থ কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে গবেষক বা গবেষকগণকে ফেরত দিতে হইবে। কাউন্সিল প্রয়োজন হইলে গবেষকগণ যে প্রতিষ্ঠানে কর্মরত সে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে এই অর্থ আদায় করিবে।

৯.২ এই নীতিমালার আলোকে পরিচালিত গবেষণার স্বত্ব কাউন্সিল সংরক্ষণ করিবে। কাউন্সিল যেই কোনো সময় উচ্চ মানের জার্নালে প্রতিবেদন প্রকাশ বা মুদ্রণ করিতে পারিবে, গবেষকগণের অনুমতির প্রয়োজন হইবে না। তবে গবেষকগণ কাউন্সিলকে যথাযথভাবে স্বীকৃতি দিয়া অন্য যে কোন প্রকাশনীতে প্রকাশ করিতে পারিবেন।

৯.৩ এই নীতিমালার প্রয়োগে কোন অস্পষ্টতা দেখা দিলে কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯.৪ কাউন্সিল নীতিমালার সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করিতে পারিবে।

পরিশিষ্ট-ক

# Format for Reseaerch Proposal

*Please prepare the proposal in following format on A4 sized paper.*

## **Part-A**

## Project information

| Project number assinged by the BAC | Date of receive |
|---|---|
| | |

1. Title of the research project:
2. Name and Address of the Researcher:

| | | |
|---|---|---|
| Name | | |
| Designation | | |
| Name & address of researcher's working institute/organisation | | |
| E-mail | | |
| Cell phone number | | |

3. Name and Address of the co-researcher (if any):

| | | |
|---|---|---|
| Name | | |
| Designation | | |
| Name & address of co-researcher's working institute/organisation | | |
| E-mail | | |
| Cell phone number | | |

4. List of ongoing research project(s) of the principal researcher:

| Serial | Title of the project | Expected date of Completion |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

I/We do hereby assure that the project is not submitted to any other organisation and the research will be conducted maintaining the highest level of ethical standard following the research policy of BAC.

Signature of the Researcher

Signature of the Co-researcher

Counter signature of the Head of the institution

# Part-B

Logical interpretation

| | | | |
|---|---|---|---|
| 1. | Title of the Research Project | : | |
| 2. | Statement of the problem<br>(*Maximum of 500 words*) | : | |
| 3. | Objectives of the research<br>*a. General objective*<br>*b. Specific objectives* | : | |
| 4. | Literature review | : | |
| 5. | Rationale of the research project | : | |
| 5. | Scope of the study | : | |
| 6. | Methodology: Sources of data, intended population and sampling, data collection technique and data analysis technique etc. | : | |
| 7. | Expected results of the study | : | |
| 8. | Contribution to the quality assurance in higher education | : | |
| 9. | Key performance indicators of the project | : | |
| 10. | References | : | |
| 11. | Annexure | | |
| | A. A detailed tentative budget<br>B. Work plan of the project (preferably a date inserted Gantt chart)<br>C. Bio-data of researcher (s) | :<br>:<br><br>:<br>: | |

# Part C

**Budget**

*(The budget of a project must be limited to taka 3,00,000/- (three lac) only. Maximum 20% of the estimated budget may be expend for researcher’s honorarium. The total budget will be disbursed in three instalments to a SND/STD account of the project name. While the first instalment is 40% of the total budget, the other two instalments are 30% each.)*

| Sl. No. | Head of expenditure | Amount | | |
|---|---|---|---|---|
| | | 1st instalment (40%) | 2nd instalment (30%) | 3rd instalment (30%) |
| 1. | Research tools development | | | |
| 2. | Data collection | | | |
| 3. | Data analysis | | | |
| 4. | Report composing | | | |
| 5. | Printing | | | |
| 6. | Stationaries | | | |
| 7. | Transportation/conveyance | | | |
| 8. | Honorarium of the researcher(s) | | | |
| 9. | Miscellaneous | | | |
| | Total amount | | | |
| Grand Total | | | | |

Signature of the
Researcher and Date

# <u>Part D</u>

## <u>Project completion plan</u>

*(The project must be completed within the fiscal year)*

Work plan (*in Gantt chart*)

| Objectives | Major activities | Duration in months | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

## Part E

**Short CV of the Researcher(s)**

(*To be filled in by the researcher & Co-researcher separately*)

1. Name:…………………………………………………..…………………...……
2. Designation: ……………………………………………………….…...…………….
3. Official Mailing Address: ……………………………………….………..……...….
   …………………………………………………………………………….……………….…
   Phone: ………………………… Mobile: ……………….……………
   Fax: ……………………………E-mail: …………………….……......
4. Academic Attainment (Only university degrees – last one first):

| Degree | Year | University | Major Field |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

5. Research/Teaching Experience: ……………………. Years
6. Area of Expertise: …………………………………………………….……………..
7. No. of Publication: (a) International Journal: ……….. (b) National Journal : ..........................
8. No. of Publication in related field: (a) International Journal: …………...……
   (b) National Journal: ................................
9. List of articles published during last 5 years in peer reviewed journals.
   *(Please attach the title page of each article listed with the original copy of the proposal)*
   ………………………………………………………………………………………
   …………………………………………………………………………………….
10. *h*-indices ............................................................

Signature of the Researcher:

Date:

পরিশিষ্ট-খ

# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

## গবেষণা ব্যবস্থাপনাপঞ্জি

| ক্রমিক | কার্যক্রম | কার্যসম্পাদনের সম্ভাব্য সময়সীমা |
|---|---|---|
| ১. | গবেষণা প্রস্তাব আহ্বান | ০৭ – ১৫ জানুয়ারি |
| ২. | প্রস্তাব গ্রহণ ও প্রস্তাব মূল্যায়নকারী নির্বাচন | ২৫ জানুয়ারি – ২০ মার্চ |
| ৩. | গৃহীত প্রস্তাবসমূহ প্রাথমিক যাচাই-বাছাই সম্পন্ন করণ | ২১ মার্চ –০৫ এপ্রিল |
| ৪. | যাচাইকৃত প্রস্তাবসমূহ মূল্যায়নকারীগণের নিকট প্রেরণ | ০৬ – ১৫ এপ্রিল |
| ৫. | মূল্যায়নকারীগণের নিকট থেকে প্রস্তাবসমূহ গ্রহণ | ১৬ এপ্রিল –২৫ মে |
| ৬. | মূল্যায়নকারীর মন্তব্যের আলোকে প্রয়োজনে রিভিউ ওয়ার্কশপের আয়োজন | ২৬ মে–১০ জুন |
| ৭. | অর্থ বছরের জন্য প্রকল্প নির্বাচন এবং প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সম্পন্নকরণ | ১১ জুন –১০ জুলাই |
| ৮. | নির্বাচিত গবেষকগণকে পত্র দিয়ে অবহিতকরণ | ১১–১৫ জুলাই |
| ৯. | চুক্তি স্বাক্ষরকরণ ও প্রথম কিস্তির অর্থছাড়করণ | ২০–৩০ জুলাই |
| ১০. | অগ্রগতি প্রতিবেদন সংগ্রহকরণ ও প্রকল্প পরিবীক্ষণ | ০১ সেপ্টেম্বর–৩০ নভেম্বর |
| ১১. | প্রকল্পের দ্বিতীয় কিস্তির অর্থ ছাড়করণ | ০১–০৭ ডিসেম্বর |
| ১২. | অগ্রগতি প্রতিবেদন সংগ্রহকরণ ও প্রকল্প পরিবীক্ষণ (প্রয়োজন হলে) | ০১ ডিসেম্বর– ২৮ ফেব্রুয়ারি |
| ১৩. | গবেষক কর্তৃক খসড়া প্রতিবেদন জমাদান | ০১–১০ মার্চ |
| ১৪. | প্রয়োজনে কুম্ভীলকবৃত্তি (plagiarism) পরীক্ষাকরণ | ১০–১৫ মার্চ |
| ১৫. | কুম্ভীলকবৃত্তি পরীক্ষার আলোকে প্রয়োজনে সংশ্লিষ্ট গবেষককে প্রতিবেদন সংশোধনের অনুরোধ জ্ঞাপন | ১৫–২০ মার্চ |
| ১৬. | খসড়া প্রতিবেদন মূল্যায়নকারীগণের নিকট প্রেরণ | ১৫–২৫ মার্চ |
| ১৭. | মূল্যায়নকারীগণের নিকট হতে প্রতিবেদনসমূহ গ্রহণ | ০১ এপ্রিল – ৩০ এপ্রিল |
| ১৮. | প্রতিবেদন উপস্থাপনের জন্য সেমিনার আয়োজন | ০২ মে – ১০ মে |
| ১৯. | প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনের পর চূড়ান্ত প্রতিবেদন গ্রহণ | ১০ মে – ১৫ জুন |
| ২০. | শেষ কিস্তির অর্থ ছাড়করণ | ১৫ জুন –২০ জুন |

পরিশিষ্ট-গ

# Project Progress Report

[Name of the project]

Duration: [According to workplan, insert project commencing date & ending date]

1. Principal Researcher :
2. Associate Researcher (if any) :
3. Describe the progress of the project according to the following relevant components
   a. Literature review:
   b. Questionnaire development:
   c. Sample selection, interviewee selection, secondary data collection etc.:
   d. Primary data collection:
   e. Data analysis:
   f. Draft report writing:

(If there are any other components that you want to mention above, please insert the right chronology)

4. Identify the progress level in the Gantt Chart submitted with proposal:
5. If there is any apprehension of slowing down the project, please identify the difficulties/deterrents and describe an overcoming plan for that:
6. Overall remarks of the researcher about the progress and timely completion of the project:

Signature of the Principal Researcher
Date